



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd



স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.৩০০.২৭.৪৬৮.২২- ২৩৭

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০
২৩ জুন ২০২৩

আদেশ

যেহেতু, জনাব মো: মেহেদী হাসান, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, কালাই, জয়পুরহাট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) উপবিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে ০৩ জানুয়ারি ২০২৩ তারিখে বিভাগীয় মামলা (৩য় শ্রেণী/বিমা-০১/২৩/০৫) রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলার জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশ গ্রহণ করেন;

যেহেতু, তার দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য ও বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তবে বর্ণিত কর্মচারী চিকিৎসা শেষে সুস্থতা সনদ নিয়ে গত ১২.১২.২০২২ তারিখে কর্মস্থলে যোগদান করা এবং সিভিল সার্জন, জয়পুরহাট তিনি সুস্থ ও কর্মক্ষম মর্মে প্রত্যয়ন প্রদান করায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে, জনাব মো: মেহেদী হাসান, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, কালাই, জয়পুরহাট কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৪(২)(ঘ) অনুযায়ী “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” অর্থাৎ তার বর্তমান মূলবেতন ১৪৪৭০/- হতে ১৩৭৮০/- টাকায় অবনমিতকরণ দণ্ড প্রদান করা হলো। উক্ত দণ্ডাদেশ পরবর্তী ০২ (দুই) বছর পর্যন্ত বলবৎ থাকবে। বেতন অবনমিতকরণকাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না। স্থগিতকৃত বেতন ভবিষ্যতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তার অনুপস্থিতকাল ২৭/০১/২০২২ ও ৩১/০১/২০২২ তারিখ ০২ দিন, ০১/০২/২০২২ থেকে ০৩/০২/২০২২ তারিখ ০৩ দিন এবং ১৪/০২/২০২২ থেকে ১১/১২/২০২২ তারিখ পর্যন্ত ৩২১ দিন মোট ৩২৬ দিন বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক

টেলিফোন: ০২৫৫০৭৪৭৭৭

ই-মেইল: dgprimarybd@gmail.com

স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.৩০০.২৭.৪৬৮.২২- ২৩৭/৩৯

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০
২৩ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. উপপরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫. জনাব শেখ সাইদুর রহমান, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রস্তাবনামাটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট।
৭. উপজেলা শিক্ষা অফিসার, কালাই, জয়পুরহাট। (তার অনুপস্থিতকাল/অসাধারণ ছুটির বিষয়টি ibas++ এ এন্ট্রি করে বেতন নির্ধারণ করা এবং আদেশটি বর্ণিত কর্মচারীর সার্ভিস বইতে এন্ট্রির বিষয়টি নিশ্চিত করে অত্র শাখাকে অবহিত করার অনুরোধসহ)।
৮. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কালাই, জয়পুরহাট (বর্ণিত কর্মচারীর অনুপস্থিতকাল/অসাধারণ ছুটির বিষয়টি ibas++ এ এন্ট্রি করে বেতন নির্ধারণের যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. জনাব মো: মেহেদী হাসান, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, কালাই, জয়পুরহাট।
১০. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সংরক্ষণ নথি।

ড. নাছিম বেগম
উপপরিচালক (তঃ ও শৃঃ)
ফোন: ৫৫০৭৪৯৫৫